

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)


নং-৪৬.০৪২.০৩৩.০১.০০.১৪৫.২০১১.৬২৫২

তারিখঃ ০২.১০.২০১১ খ্রিস্টাব্দ

বিষয় : জেলা পরিষদের মাধ্যমে নির্মিত অডিটরিয়াম/বানিজ্যিক কমপ্লেক্স/ডাকবাংলোর নামকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এডিপি বরাদ্দকৃত অর্থ এবং জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে দেশের বিভিন্ন জেলা/উপজেলায় অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টার, অডিটরিয়াম কাম মাল্টি পারপাস হল, বানিজ্যিক কমপ্লেক্স ও বহুতল বিশিষ্ট ডাকবাংলোসহ বিভিন্ন অবকাঠামো/স্থাপনা জেলা পরিষদের মাধ্যমে নির্মিত হচ্ছে। জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে জেলা পরিষদের মাধ্যমে নির্মিত এ সকল স্থাপনার নাম স্থানীয় গন্যমান্য, স্বনামধন্য ব্যক্তিবর্গের নামে নামকরণের জন্য স্থানীয় পর্যায়ে দাবী উত্থাপিত হয়ে থাকে। এ সকল বিষয়ে স্থানীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের এখতিয়ার নির্বাচিত জেলা পরিষদের।

০২। এমতাবস্থায়, নির্বাচিত জেলা পরিষদ গঠন না হওয়া পর্যন্ত এ সকল বিষয়ে স্থানীয়ভাবে সিদ্ধান্ত গ্রহণ করে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ যুক্তিসঙ্গত হবে না। তবে মহান ভাষা আন্দোলন, স্বাধীনতা যুদ্ধ, মুক্তিযুদ্ধে যারা অবদান রেখেছেন এবং ভাষা শহিদ ও শহিদ মুক্তিযোদ্ধার নামে কোন স্থাপনার নামকরণের প্রস্তাব স্থানীয়ভাবে উত্থাপিত হলে সংশ্লিষ্ট ক্ষেত্রে তাঁর অবদানের বিস্তারিত উল্লেখ করে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারেন।


০২/১০/১১
(জুবাইদা দাসরীন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬৯২৭৪

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, -----(সকল)।

অনুলিপি :

১। কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।

২। জেলা প্রশাসক----- (সকল)।

৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।